

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন অনুবিভাগ
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪৫৭.৫২.১১৭.১৭-২৮০(৪)

তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২১

প্রাপকঃ জনাব মোহাম্মদ মোস্তফা জামাল হায়দার
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০৯-১০ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে অনুষ্ঠিতব্য ৪র্থ Strategic Dialogue-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যুক্তরাজ্য সফরের প্রশাসনিক মঞ্জুরি।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে আগামী ০৯-১০ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে অনুষ্ঠিতব্য ৪র্থ Strategic Dialogue-এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে অংশগ্রহণ করতে আপনার অনুকূলে যুক্তরাজ্য সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উক্ত সফর নিম্নলিখিত শর্তে সম্পন্ন করতে হবেঃ

ক) উক্ত সফরের নিমিত্ত আপনি ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১১ সেপ্টেম্বর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে যুক্তরাজ্য ত্যাগ করবেন;

খ) সফরকালীন আপনি সরকারি কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন-ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

গ) আপনি কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;

ঘ) সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেটের অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(মোঃ সামাউন খালিদ)

সহকারী সচিব

ফোনঃ ৪৭১১০৬৪৬

ইমেইলঃ aseurope@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৪৫৭.৫২.১১৭.১৭-২৮০(৪)

তারিখঃ ০৫ সেপ্টেম্বর ২০২১

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

০১। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

০২। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম ইউরোপ ও ইইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


০৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৪। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, লন্ডন।

০৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় (পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

০৭। অফিস কপি।


০৫/০৯/২১

(মোঃ সামাউন খালিদ)

সহকারী সচিব